

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৩.২০-৬৭

তারিখঃ ২৫/০৩/২০২০ খ্রিঃ


বিষয়ঃ বিদেশে নির্মাণ প্রকল্প বাস্তবায়নে অথবা জমি/ভবন ক্রয়ে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর সংশ্লিষ্ট
বিধি-বিধান অনুসরণের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি প্রসঙ্গে।

সূত্রঃ-পররাষ্ট্র মন্ত্রণালয় এর পত্র নং-১৯.০০.০০০০.১১৬.২২.২০৪.১৯-২২; তারিখঃ ০৯/০২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশে/বিদেশে জমি ক্রয় বা জমিসহ
ভবন ক্রয় তথা স্থাবর সম্পত্তি ক্রয়ের বিষয়টি সরকারি ক্রয় আইন ও বিধির (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮)
পরিধিভুক্ত নয়। দেশের অভ্যন্তরে এ ধরনের সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে স্থাবর সম্পত্তি ক্রয়/বিক্রয় সংক্রান্ত আলাদা আইন
রয়েছে। বিদেশে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় জমি ক্রয় বা জমিসহ ভবন ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের প্রচলিত বিধি-
বিধান অনুসরণ করার বাধ্যবাধকতা থাকে।

০২। অন্যদিকে দেশের অভ্যন্তরে ভবন নির্মাণের বিষয়টি ক্রয় আইন ও বিধির আওতাভুক্ত হলেও দেশের বাইরে
ভবন নির্মাণের ক্ষেত্রে সরকারি ক্রয় আইন ও বিধির (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) অনেক বিধানই
প্রয়োগযোগ্য হবে না। সার্বিক পরিস্থিতিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় বিদেশে ভবন নির্মাণ এর বিষয়টি সংশ্লিষ্ট
দেশের বিধি-বিধান অনুসরণ করে বাস্তবায়ন করার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ
গ্রহণপূর্বক প্রক্রিয়া করা যেতে পারে।

পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।


(মোসাম্মা মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

[দৃঃ আঃ-সহকারী সচিব, প্রকল্প শাখা]

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।